বিদ্যুৎ-বিভ্রাটের পর ‘ইংলিশ বিভ্রাট’ এবং অস্ট্রেলিয়ার জয়

নাথান লায়নকে বাদ দেওয়ার আলোচনাও উঠেছে। ব্রিসবেন টেস্ট খেলতে নামার আগে শেষ ৯ উইকেট পেতে হাজারের বেশি বল করেছেন। এক দশক ধরে শুধু অফ স্পিনেই ভরসা রেখে যাচ্ছেন এ স্পিনার। বৈচিত্র্য নেই বললেই চলে।

কিন্তু লাইন-লেংথ নিখুঁত হলে ও বাঁক পেলে, তার সঙ্গে যদি শিকারির ধৈর্যও থাকে তাহলে সাফল্য এক সময় না এক সময় ধরা দেবেই।

ব্রিসবেন টেস্টের কথাই ধরুন। ৩৯৯ উইকেট নিয়ে খেলতে নেমেছিলেন লায়ন। ইংল্যান্ডের প্রথম ইনিংসে উইকেট পাননি। দ্বিতীয় ইনিংসে কাল তৃতীয় দিন পর্যন্তও ২৪ ওভার বল করে উইকেটশূন্য।

কিন্তু আজ চতুর্থ দিন সকালে মিলেছে আলোর দেখা। লায়নের আলোতেই অ্যাশেজে প্রথম টেস্টে আজ ৯ উইকেটে জিতে গেল অস্ট্রেলিয়া।

১৫৯ রানে অবিচ্ছিন্ন থাকা জো রুট-ডেভিড ম্যালান জুটিকে আজ সকালে নিজের দ্বিতীয় ওভারেই ভাঙেন লায়ন। ৮২ রানে ম্যালানকে লায়ন তুলে নেওয়ার পরই তাসের ঘরের মতো ভেঙে পড়ে ইংল্যান্ডের ব্যাটিং।

২ উইকেটে ২২০ রানে তৃতীয় দিন শেষ করা ইংল্যান্ড আজ ৭৭ রান তুলতে বাকি ৮ উইকেট হারায়। লায়ন একাই নেন ৪ উইকেট। এর মধ্য দিয়ে টেস্টে অস্ট্রেলিয়ার প্রথম অফ স্পিনার হিসেবে ৪০০ উইকেটের দেখা পেলেও লায়ন সবচেয়ে বড় উদযাপনটা করেছেন সম্ভবত অস্ট্রেলিয়ার জয়ের পর।

নিজেদের দ্বিতীয় ইনিংসে ইংল্যান্ড ২৯৭ রানে অলআউট হওয়ায় জয়ের জন্য মাত্র ২০ রানের লক্ষ্য পায় অস্ট্রেলিয়া। এ ম্যাচ ১০ উইকেটে জিততে না পারার দুঃখ থাকবে স্বাগতিকদের।

কেননা, অ্যালেক্স ক্যারি ও মার্কাস হ্যারিস ওপেন করলেও ক্যারিকে
(৯) তুলে নেন ওলি রবিনসন। মারনাস লাবুশেনকে নিয়ে ৯ উইকেটের জয় এনে দেন হ্যারিস (৯)। হ্যাঁ, ডেভিড ওয়ার্নার ব্যাটিংয়ে নামেননি।

প্রথম ইনিংসে পাঁজরে চোট পাওয়া ওয়ার্নার ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংসে ফিল্ডিংয়েও নামেননি। ব্রিসবেন টেস্ট জিতে অ্যাশেজে ১-০ ব্যবধানে এগিয়ে যাওয়া অস্ট্রেলিয়ার একমাত্র দুশ্চিন্তার কারণ হয়ে

দাঁড়াতে পারে ওয়ার্নারের চোট।

আজ চতুর্থ দিনেও বিতর্ক এড়াতে পারেনি ব্রিসবেন টেস্ট। বিদ্যুৎ-বিভ্রাটের কারণে প্রায় ২৫ মিনিট টিভিতে সরাসরি সম্প্রচার দেখা যায়নি। এ সময় কোনো উইকেট না পড়লেও বিদ্যুৎ-বিভ্রাট কাটার পরই আঘাত করেন লায়ন।

ম্যালানকে সিলি মিড অফে লাবুশেনের ক্যাচ বানিয়ে ১৬তম বোলার ও তৃতীয় অস্ট্রেলিয়ান হিসেবে টেস্টে ‘ফোর হানড্রেডস ক্লাব’-এর দেখা পান লায়ন।

ম্যালান আউট হওয়ার দুই ওভার পরই রুটকে (৮৯) তুলে নেন ক্যামেরন গ্রিন। এরপর ইংল্যান্ডের ইনিংস স্রেফ হুড়মুড় করে ভেঙে পড়ে।

অধিনায়ক হিসেবে নিজের অভিষেক টেস্টেই জয়ের পর অস্ট্রেলিয়া অধিনায়ক প্যাট কামিন্স বলেন, ‘সবার জন্য খুব গর্ব হচ্ছে। পরিপূর্ণ পারফরম্যান্স।’

ওয়ার্নারের চোট নিয়েও জানান কামিন্স, ‘তাকে কাল মাঠে নামাতে চাইনি। কিন্তু আজ ও ভালো আছে। আমরা ঝুঁকি নিতে চাইনি। অ্যাডিলেডে আশা করি তাকে পাওয়া যাবে।’ বৃহস্পতিবার দিবা-রাত্রির টেস্টে মুখোমুখি হবে দুই দল।

রুট–ম্যালানের জুটিতে ইংল্যান্ডের পাল্টা লড়াই

তৃতীয় দিনের শেষ অবধি টিকে রইলেন ইংলিশ অধিনায়ক জো রুট ও ডেভিড ম্যালান। ২৭৮ রানে পিছিয়ে থেকে নিজেদের দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমে ৬১ রানে ২ উইকেট হারিয়ে ফেলার পর এই দুই ব্যাটসম্যানই নির্ভরতা দিলেন ইংল্যান্ডকে।

রুট ১৫৮ বলে ৮৬ আর ম্যালান ১৭৭ বলে ৮০ রানে অপরাজিত। রুট-ম্যালানের ২৯৪ বলে ১৫৯ রানের অবিচ্ছিন্ন জুটিতে ব্রিসবেন টেস্টে অন্তত ড্রয়ের আশা দেখছে ইংল্যান্ড।

তৃতীয় দিন শেষে ইংল্যান্ডের সংগ্রহ ২ উইকেটে ২২০। এর আগে অস্ট্রেলিয়া তাদের প্রথম ইনিংস শেষ করেছেন ৪২৫ রানে অলআউট হয়। ইংল্যান্ড প্রথম ইনিংসে গুটিয়ে গিয়েছিল ১৪৭ রানে।

রুট আর ম্যালান ইংল্যান্ডের দুই ওপেনার হাসিব হামিদ আর ররি বার্নসের দ্রুত বিদায়ের পর হাল ধরেন। গ্যাবায় তৃতীয় দিনের শেষ দুই সেশনে স্বচ্ছন্দে ব্যাট করেন দুজন। অস্ট্রেলীয় বোলিং আক্রমণকে বেশ আরামে খেলেছেন তারা।

রুট তাঁর ৮৬ রানের ইনিংসে বাউন্ডারি মেরেছেন ১০টি। ম্যালানও মেরেছেন ১০ বাউন্ডারি। রুট আজ একটা রেকর্ডও করেছেন। ৮৬ রানের ইনিংস খেলার পথে ইংলিশ ব্যাটসম্যান হিসেবে এক বর্ষপঞ্জিতে সর্বোচ্চ রান করলেন। ১৫৪১ রান করে তিনি পেছনে ফেলেছেন সাবেক ইংলিশ অধিনায়ক মাইকেল ভনকে।

২০০২ সালে ভন (১৪৮১) সে রেকর্ড করেছিলেন। গোটা ইনিংসটাই রুট খেলেছেন কাউকে কোনো সুযোগ না দিয়ে। অস্ট্রেলীয় স্পিনার নাথান লায়নকে বারবার রিভার্স সুইপ করে হতোদ্যম বানিয়েছেন। ৪০০তম টেস্ট উইকেটের অপেক্ষায় থাকা লায়নকে খুব সহজেই খেলেছেন দুজন।

ম্যালান টেস্ট ক্রিকেটে তাঁর দ্বিতীয় শতকের অপেক্ষায়। এর আগের ইংল্যান্ডের শেষ অস্ট্রেলিয়া সফরে তিনি পেয়েছিলেন প্রথম শতক। অধিনায়কের মতো অতটা স্বচ্ছন্দ না হলেও মন্দ খেলেননি। কয়েকবারই মাংসপেশিতে টান লাগায় শুশ্রূষা করতে হয় ম্যালানকে।

সকালে অস্ট্রেলীয় ব্যাটসম্যান ট্রাভিস হেড আক্রমণাত্মকই ছিলেন। কাল দ্বিতীয় দিন তিনি যেখানে শেষ করেছিলেন, আজ যেন শুরু করেছিলেন ঠিক সেই জায়গা থেকেই। ইংলিশ স্পিনার জ্যাক লিচকে আক্রমণ করে খেলেন।

তিনি আজ তাঁর শতকের ইনিংসটি নিয়ে গেছেন ১৫২ রানে। মিচেল স্টার্কও ৬৪ বলে ৩৫ রান করেন। নাথান লায়ন ২৪ বলে ১৫ করে অস্ট্রেলিয়ার সংগ্রহকে ৪২৫-এ নিতে ভূমিকা রাখেন। শেষ পর্যন্ত অস্ট্রেলিয়া অলআউট হয় মধ্যাহ্ন বিরতির আধ ঘণ্টা আগে।

নিজেদের দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমে দুই ইংলিশ ওপেনারের শুরুটা ছিল সতর্ক। কিন্তু ররি বার্নস এবারও মিচেল স্টার্কের শিকার হন। গত পরশু অ্যাশেজ সিরিজের প্রথম বলেই স্টার্কের বলে বোল্ড হয়েছিলেন।

আজ তিনি স্টার্কের করা প্রথম ওভারের ষষ্ঠ বলে এলবিডব্লিউ হন। রিভিউ নিয়ে বেঁচে যান। যদিও ২৭ বলে ১৩ রানের বেশি তিনি করতে পারেননি। প্যাট কামিন্সের বলে উইকেটকিপার অ্যালেক্স ক্যারির ক্যাচ হন বার্নস।

আরেক ওপেনার হাসিব হামিদ ৫৮ বলে ২৭ করে আউট হন। তিনি ফিরেছেন স্টার্কের বলে ক্যারির ক্যাচ হয়ে। ৬২ রানে ২ উইকেট হারিয়ে ইংল্যান্ডের যখন বিপর্যস্ত অবস্থা, ঠিক তখনই হাল ধরেন রুট ও ম্যালান।

কাল চতুর্থ দিনে ৫৮ রানের ঘাটতি পূরণ করে ইংল্যান্ড কত দূর যেতে পারে, সেটিই এখন দেখার বিষয়।

টেস্ট চ্যাম্পিয়নশিপে ভারতকে পেছনে ফেলল পাকিস্তান

বাংলাদেশকে টেস্ট সিরিজে ২-০ ব্যবধানে হারিয়ে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ক্রমতালিকায় আরও ভালো জায়গায় পৌঁছে গেছে পাকিস্তান।

এ মুহূর্তে ভারতকে টপকে দ্বিতীয় অবস্থানে রয়েছে বাবর আজমের দল। পয়েন্টের বিচারে ভারত এগিয়ে থাকলেও শতাংশের বিচারে অনেকটা এগিয়ে পাকিস্তান।

১০০ শতাংশ পয়েন্ট নিয়ে শীর্ষে অবস্থান করছে শ্রীলংকা।

বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ শুরু হওয়ার পর প্রথমে মোট পয়েন্টের হিসেবে ক্রমতালিকা হতো। কিন্তু সব দেশ সমসংখ্যক সিরিজ না খেলায় এখন থেকে শতাংশের নিরিখে ক্রমতালিকা তৈরি করছে আইসিসি। সে তালিকাতেই ভারতকে থেকে অনেক এগিয়ে গেল পাকিস্তান।

এখনও পর্যন্ত ৪২ পয়েন্ট ভারতের। অন্যদিকে পাকিস্তানের ৩৬ ও শীর্ষে থাকা শ্রীলংকার পয়েন্ট ২৪। ইংল্যান্ড ১৪ এবং ওয়েস্ট ইন্ডিজ ১২ পয়েন্ট পেয়েছে।

কিন্তু শতাংশের নিরিখে শ্রীলংকার পরে পাকিস্তানের অবস্থান, ৭৫। এর পর ভারত ৫৮.৩৩। এর পর ইংল্যান্ড এবং ওয়েস্ট ইন্ডিজের অবস্থান যথাক্রমে ২৯.১৭ ও ২৫ শতাংশ।

টেস্ট চ্যাম্পিয়নশিপে ভারত ও পাকিস্তান দুদলই দুটি সিরিজ খেলেছে। সম্প্রতি নিউজিল্যান্ডকে হারিয়ে এ অবস্থানে উঠে এসেছে বিরাট কোহলির দল। আর পাকিস্তান বড় ব্যবধানে হারিয়েছে বাংলাদেশকে।

তবে শ্রীলংকা একটি সিরিজ খেলেই শীর্ষে উঠে গেছে। চতুর্থ ও পঞ্চম স্থানে রয়েছে যথাক্রমে ইংল্যান্ড ও ওয়েস্ট ইন্ডিজ। ইংল্যান্ড একটি ও ওয়েস্ট ইন্ডিজ দুটি সিরিজ খেলেছে।

কামিন্সের বীরত্বে ১৪৭ রানে গুটিয়ে গেল ইংল্যান্ড

অ্যাশেজের প্রথম টেস্টের প্রথম ইনিংস স্থায়ী হলো মাত্র ৫০ ওভার ১ বল। এর মধ্যে ১৪৭ রানে গুটিয়ে গেল ইংল্যান্ড।

বুধবার অস্ট্রেলিয়ার ব্রিসবেনে কামিন্সের বীরত্বে ইংল্যান্ড কোনো ব্যাটার বড় কোনো ইনিংস খেলতে পারেননি।

সর্বোচ্চ রান ৩৯ এসেছে জস বাটলারের ব্যাট থেকে। এর পর ওলিয়ে পোপ করেছেন ৩৫। হাসিব হামিদ ২৫ ও ক্রিস ওক করেছেন ২১ রান। এ ছাড়া বাকি কেউ দুই অংকের ঘরে যেতে পারেননি।

অস্ট্রেলিয়ার বোলার মিচেল স্টার্ক নিয়েছেন দুই উইকেট। জস হ্যাজলউড দুই উইকেট, ক্যামরন গ্রিন পেয়েছেন এক উইকেট।

ইংল্যান্ডকে গতিতে হার মানিয়ে অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্স নিয়েছেন পাঁচ উইকেট।

পাঁচ টেস্টের এ সিরিজে ইংল্যান্ড অলআউট হওয়ার পর পর নামে বৃষ্টি। এ কারণে এখন খেলা বন্ধ রয়েছে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নিয়েছেন লিটন দাস।

দিনের প্রথম রানের পর এল প্রথম চার। ইবাদতকে অফসাইডে ঠেলে দিয়ে বাবর এক রান নিয়েছেন। পরের বলেই বাউন্সার দেওয়ার চেষ্টা করে চার খেয়েছেন ইবাদত।

প্রথম তিন দিনে মাত্র ৬৩.২ ওভার খেলা হয়েছে। ফলে ঢাকা টেস্টে ড্র ছাড়া অন্য কোনো ফলের কথা কল্পনা করা কঠিন।

তবে আজ বৃষ্টি আর বাধা না দিলে প্রথম সেশনে ১ ঘন্টা ৪০ মিনিট খেলা হবে। পরের দুই সেশনেও পূর্ণ ২ ঘন্টার খেলা হওয়ার কথা। আগামীকাল আধ ঘন্টা আগে খেলা শুরু করলেও ৯৮ ওভার যোগ করা সম্ভব। সেক্ষেত্রে ঢাকা টেস্টে ২৩০ ওভারের মতো খেলা সম্ভব।

মিরপুরের উইকেটে এর চেয়ে কমে টেস্ট ম্যাচের মীমাংসা হতে দেখা গেছে।

২০১৮ সালে বাংলাদেশ ও শ্রীলঙ্কার মধ্যকার টেস্টের ব্যাপ্তি ছিল ২১৪.৩ ওভার। আড়াই দিনের মধ্যেই দুই দল দুইবার অলআউট হয়েছিল।

২০১৪ সালে জিম্বাবুয়ের বিপক্ষে বাংলাদেশের টেস্টটিও তিন দিনে শেষ হয়েছিল। অক্টোবরের সে ম্যাচে সব মিলিয়ে ২৪৩.১ ওভার হয়েছিল।

মাঠের অবস্থা পরীক্ষা করতে গেছেন আম্পায়াররা। আবহাওওয়ার যে অবস্থা, তাতে খেলা দ্রুত শুরু হওয়ার আশা করছেন সবাই।

ঢাকা টেস্ট বৃষ্টির কবলে ছিল প্রথম তিন দিন। প্রথম দিনে তবু ৫৭ ওভার খেলা হয়েছিল। গত দুইদিনে মাত্র ৬.২ ওভার খেলা হয়েছে। কাল তো টিম হোটেল ছেড়ে মাঠেই যাননি খেলোয়াড়রা।

তবে আজ সূর্যের দেখা মিলেছে। বৃষ্টিও থেমে গেছে। মাঠের ও উইকেটের কাভার সরিয়ে নেওয়া জয়েছে এরই মাঝে। আশা করা হচ্ছে সকাল সাড়ে ১০টার মধ্যেই খেলা শুরু হবে।

৩৪ বছর ধরে তো মেসি হয়েই আছি

ফুটবল ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে সপ্তমবারের মতো ব্যালন ডি’অর জিতেছেন লিওনেল মেসি। এ উপলক্ষেই ফরাসি সাময়িকী ফ্রান্স ফুটবলকে দেওয়া দীর্ঘ সাক্ষাৎকারে বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেছেন আর্জেন্টাইন কিংবদন্তি।

প্রতিদিন মেসি হয়ে থাকা কতটা কঠিন? এমন প্রশ্নের জবাবে মেসি বলেন, আমি ৩৪ বছর ধরে তো মেসি হয়েই আছি, তাই এটাতেই অভ্যস্ত হতে শুরু করেছি। যা করেছি, যা পেয়েছি, আমি সন্তুষ্ট। তবে অস্বীকার করব না, কখনো কখনো একটু আড়ালে থাকতে পারলে ভালো লাগত।

তিনি আরও বলেন, কেউ আমাকে চিনছে না, এভাবে পরিবার নিয়ে সময় কাটাতে পারলে ভালো লাগত। তবে এ নিয়ে আমার অভিযোগ নেই। এভাবে মানুষের প্রশংসা পাওয়া, হাসিমুখ দেখা কিংবা কারও কাছ থেকে ছবি তোলার বায়না শোনা— এগুলো দারুণ ব্যাপার। আমি এখন এতেই অভ্যস্ত এবং এটাই আমার কাছে স্বাভাবিক হয়ে গেছে।

থিয়েরি অঁরি বলেছেন আপনি সাধারণ মানুষ নন? এমন প্রশ্নের জবাবে মেসি বলেন, অঁরি এমন একজন, যার সঙ্গে আমি ড্রেসিংরুম ভাগাভাগি করেছি, অনেক শিরোপা জিতেছি। আমাদের মধ্যে দারুণ সম্পর্ক এবং তিনি সব সময় আমার সম্পর্কে ভালো কথাই বলেন। তার মতো একজনের কাছ থেকে প্রশংসা পাওয়া দারুণ ব্যাপার।

গার্দিওলার চোখে লিগের সেরা খেলোয়াড়ই টানছেন সিটিকে

কিছুদিন আগেই বড়মুখ করে ম্যানচেস্টার সিটির ম্যানেজার পেপ গার্দিওলা জানিয়েছিলেন, তাঁর চোখে বর্তমানে লিগের সেরা খেলোয়াড় পর্তুগিজ মিডফিল্ডার বের্নার্দো সিলভা।

আর বলবেন নাই–বা কেন? স্ট্রাইকারহীন ম্যানচেস্টার সিটিতে

আক্রমণভাগে থেকে যেখানে নিয়মিত গোল করার মানুষই নেই, সেখানে মাঝমাঠ থেকেই বের্নার্দো সিলভা চেষ্টা করে যাচ্ছেন সাধ্যমতো।

গত রাতের আগপর্যন্ত সব প্রতিযোগিতা মিলিয়ে ৫ গোল করা হয়ে গিয়েছিল এই পর্তুগিজ মিডফিল্ডারের। গত রাতে ওয়াটফোর্ডের বিপক্ষে সে তালিকায় আরও ২টি গোল যুক্ত হলো।

বের্নার্দো সিলভার ২ গোল আর রাহিম স্টার্লিংয়ের ১ গোল মিলিয়ে ওয়াটফোর্ডকে ৩-১ গোলে হারিয়েছে ম্যানচেস্টার সিটি। এই জয়ের ফলেই লিভারপুলকে হটিয়ে লিগের পয়েন্ট তালিকায় আবারও শীর্ষে উঠে গিয়েছে তারা। ওয়াটফোর্ডের হয়ে একমাত্র গোল করেছেন কুচো হার্নান্দেজ।

ম্যাচের চতুর্থ মিনিটেই স্টার্লিংয়ের গোলে এগিয়ে যায় সিটি। মাঝমাঠ থেকে সিলভার মাপা পাস খুঁজে নেয় বাঁ দিক থেকে ডি-বক্সে ঢুকে যাওয়া ইংলিশ মিডফিল্ডার ফিল ফোডেনকে।

ফোডেনের ক্রসে মাথা ছুঁইয়ে দলকে এগিয়ে দেন স্টার্লিং। ৩১ মিনিটে নিজেই গোল করেন সিলভা। অসাধারণ এক প্রতি-আক্রমণে জার্মান মিডফিল্ডার ইলকায় গুনদোয়ানের এক শট ওয়াটফোর্ডের অস্ট্রিয়ান গোলরক্ষক ড্যানিয়েল বাখম্যান আটকে দিলেও বল চলে যায় সিলভার পায়ে। সেখান থেকে কঠিন কোণে দিয়ে বল জালে জড়ান ফর্মে থাকা এই মিডফিল্ডার।

৬৩ মিনিটে রাইটব্যাক কাইল ওয়াকারের কাছ থেকে বল নিয়ে বাঁ পায়ের দৃষ্টিনন্দন এক বাঁকানো শটে দলের ব্যবধান আরও বাড়িয়ে দেন সিলভা। ৭৪ মিনিটে ম্যানচেস্টার সিটির গোলরক্ষক এদেরসনের শততম ক্লিন শিট রাখার আশায় পানি ঢেলে দিয়ে গোল করেন ওয়াটফোর্ডের কলম্বিয়ান উইঙ্গার কুচো হার্নান্দেজ।

আগুয়েরো চলে গেছেন মৌসুম শুরুর আগেই। একমাত্র স্ট্রাইকার হিসেবে থাকা গাব্রিয়েল জেসুসকেও গার্দিওলা উইঙ্গার হিসেবেই খেলাতে বেশি পছন্দ করেন। এ কারণে একেক দিন একেক মিডফিল্ডার স্ট্রাইকারের ভূমিকা পালন করছেন।

এক দিন ফোডেন, তো আরেক দিন স্টার্লিং। কোনো দিন মাহরেজ, তো আরেক দিন কেভিন ডি ব্রুইনা। গতকাল যেমন স্ট্রাইকার হিসেবে খেলেছেন জ্যাক গ্রিলিশ।

বের্নার্দো সিলভা বোঝেন ব্যাপারটা। বোঝেন বলেই মেনে নিয়েছেন, সবাইকে মিলেমিশে স্ট্রাইকারের দায়িত্ব পালন করতে হবে, ‘আমি জানি, আমাদের স্ট্রাইকার নেই।

কিন্তু আমরা জানি, আমাদের দলে অনেক খেলোয়াড় আছে, যারা সময়মতো বক্সে গিয়ে গোল দিয়ে আসতে পারে। এটাই আমরা চেষ্টা করি। আমার ভাগ্য ভালো, বল আমার কথা শুনছে!’

জোড়া গোল করে শিষ্য তাঁর দাবির যথার্থতা প্রমাণ করেছেন, গার্দিওলার সন্তুষ্ট না হয়ে যান কোথায়? ম্যাচ শেষে সে সন্তুষ্টিই ঝরে পড়েছে গার্দিওলার কণ্ঠ থেকে, ‘আমি ওকে ধন্যবাদ জানাতে চাই। কারণ, আমি আগে যা বলেছিলাম, নিজের পারফরম্যান্সের মাধ্যমে ও আমার কথাটাই প্রমাণ করেছে। তাই ওকে ধন্যবাদ দিতে চাই।’

ইতিহাসের তৃতীয় বোলার হিসেবে ১০ উইকেট নিলেন এজাজ

ভারতের বিপক্ষে মুম্বাই টেস্টে সব উইকেট তুলে নিলেন কিউই স্পিনার এজাজ প্যাটেল। ভারতের মাটিতেই অনিল কুম্বলের স্মৃতিতে মনে করিয়ে দিলেন তিনি। ভাগ বসালেন জিম লেকার ও অনিল কুম্বলের বিশ্বরেকর্ডে।

৪৭.৫ ওভার বল করে ১০ ভারতীয়র উইকেট শিকার করেন এজাজ। এতে ১২টি মেডেন রয়েছে। রান দিয়েছেন তিনি ১১৯ রান। ১০ উইকেটের মধ্যে স্টাম্প ভেঙেছেন দুইজনের, চেতেশ্বর পুজারা ও রবিচন্দ্র অশ্বিনের।

এলবিডব্লিউয়ের শিকার হয়েছেন ৩ জন – বিরাট কোহলি, ঋদ্ধিমান সাহা ও অক্ষর প্যাটেল। বাকিরা ক্যাচ তুলে আউট হয়েছেন এজাজের বলে। এজাজ প্যাটেল শুক্রবার ৪ উইকেট নিয়েছিলেন।

আজ (শনিবার) আরও ৬ উইকেট জমা করলেন ঝুলিতে। প্রথম দিনের শেষে ভারতের স্কোর ছিল ৪ উইকেটে ২২১ রান। শনিবার এজাজের বিধ্বংসী বোলিংয়ের সামনে ভারত আর মাত্র ১০৪ রান যোগ করতে পারে। দ্বিতীয় দিনে ৩২৫ রানে অল আউট হয়ে যায় টিম ইন্ডিয়া।

নিউজিল্যান্ডের দলে খেললেও এজাজের জন্ম ভারতের মুম্বাইয়ে। আর নিজের জন্মস্থান মুম্বাইয়ে টেস্ট খেলতে নেমে ইতিহাসের পাতায় ঢুকে গেলেন এ কিউই স্পিনার।

এর আগে এই অসাধারণ রেকর্ডটি প্রথম করেন ইংল্যান্ডের জিম লেকার। ১৯৫৬ সালে অস্ট্রেলিয়ার বিপক্ষে ম্যানচেস্টার টেস্টে ৫৩ রানে ১০ উইকেট নিয়েছিলেন ইংল্যান্ডের এই অফস্পিনার। ১৯৯৯ সালে পাকিস্তানের বিপক্ষে ৭৪ রানে ১০ উইকেট নেন ভারতের লেগস্পিনার অনিল কুম্বলে।

সে হিসেবে জিম ও কুম্বলের পর তৃতীয় বোলার হিসেবে এ কীর্তি গড়লেন এজাজ।

দ্বিতীয় টেস্টে বাংলাদেশ দলে ৩ পরিবর্তন

ফিট না থাকায় চট্টগ্রাম টেস্টে খেলেননি সাকিব আল হাসান। ওই টেস্টে বাংলাদেশ ইনিংসের প্রথম ঘণ্টাতেই হারের বীজ বোনা হয়ে যায় দ্বিতীয় টেস্টে ফিরলেন সাকিব। গতিক শিবিরে কিছুটা আশার প্রদীপ জ্বালাচ্ছেন সাকিব আল হাসান। এই অভিজ্ঞ অলরাউন্ডার দলে ফেরায় ভালো কিছুর স্বপ্ন দেখছেন মুমিনুল।

তবে মিরপুরেও প্রথম ঘণ্টাকে গুরুত্বপূর্ণ বললেন অধিনায়ক মুমিনুল হক। এই টেস্টে অভিষেক হয়েছে মাহমুদুল হাসান জয়ের। তিনি খেলবেন সাদমান ইসলামের উদ্বোধনী সঙ্গী হিসেবে।

দলে ফিরেছেন সৈয়দ খালেদ আহমেদ। সাকিব, খালেদ ও জয়কে জায়গা করে দিতে একাদশ থেকে বাইরে রাখা হয়েছে আগের ম্যাচ খেলা সাইফ হাসান, ইয়াসির আলি রাব্বি ও আবু জায়েদ রাহিকে।

বাংলাদেশ একাদশ

সাদমান ইসলাম, মাহমুদুল হাসান জয়, নাজমুল হোসেন শান্ত, মুমিনুল হক (অধিনায়ক), মুশফিকুর রহীম, সাকিব আল হাসান, লিটন দাস

(উইকেটরক্ষক), মেহেদী হাসান মিরাজ, তাইজুল ইসলাম, সৈয়দ খালেদ আহমেদ, এবাদত হোসেন।

পাকিস্তান একাদশ

আবদুল্লাহ শফিক, আবিদ আলি, আজহার আলি, বাবর আজম (অধিনায়ক), ফাওয়াদ আলম, মোহাম্মদ রিজওয়ান (উইকেটরক্ষক), ফাহিম আশরাফ, নৌমান আলি, হাসান আলি, শাহিন শাহ আফ্রিদি, সাজিদ খান।

কোহলির ফেরার ম্যাচে ভারত দলে ৩ দুঃসংবাদ

নিউজিল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় টেস্ট দিয়ে ক্রিকেটে ফিরছেন বিরাট কোহলি। টি-টোয়েন্টি বিশ্বকাপে তার নেতৃত্বে ভারত দলের ভরাডুবির পর বিশ্রাম গিয়েছিলেন এতোদিন।

তবে কোহলির এই ফেরার দিনে তিন তিনটি দুঃসংবাদ ভেসে এলো ভারত শিবিরে। চোটের কারণে ওয়াংখেড়ে টেস্ট থেকে ছিটকে গেলেন অজিঙ্কা রাহানে, অলরাউন্ডার রবীন্দ্র জাদেজা ও পেসার ইশান্ত শর্মা। শুক্রবার ম্যাচ শুরুর আগে ভারতীয় ক্রিকেট বোর্ডের (বিসিসিআই) পক্ষ থেকে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

কোহলির অবর্তমানে কানপুরে প্রথম টেস্টে অজিঙ্কা রাহানেই ভারত দলের অধিনায়কত্ব করেছেন। আর তিনিই নেই দ্বিতীয় টেস্টে।

এ বিষয়ে বিসিসিআইয়ের বিবৃতিতে জানানো হয়েছে, কানপুর টেস্টের শেষ দিন ফিল্ডিং করার সময় বাঁ পায়ের হ্যামস্ট্রিংয়ে সামান্য চোট পান রাহানে। এখনও তিনি পুরোপুরি সুস্থ হয়ে উঠতে পারেননি। বোর্ডের মেডিকেল টিম তাকে বিশ্রাম দিয়েছে এই টেস্টে। ফিজিওদের পর্যবেক্ষণে থাকবেন এই ব্যাটার।

এদিকে কানপুর টেস্টেই শেষ দিন বল করার সময় ডান হাতে ইশান্ত চোট পান বলে জানিয়েছে বোর্ড।
তাই দ্বিতীয় টেস্টে তাকে বিশ্রামে পাঠানো হয়েছে। অন্যদিকে ডান

হাতে চোট পেয়েছেন জাদেজা। তার হাত ফুলে রয়েছে। তার স্ক্যান রিপোর্টও ভালো নয়। তাই তাকেও প্রথম একাদশ থেকে বাদ দিয়ে পর্যবেক্ষণে রেখেছে বোর্ডের মেডিকেল টিম।

রাহানের জায়গায় খেলবেন কোহলির খেলা নিশ্চিত আর ইশানের বদলি হিসেবে পেসার মোহাম্মদ সিরাজও অনেকটা নিশ্চিত। তবে রবীন্দ্র জাদেজার বিকল্প নিয়ে ভাবনায় পড়েছে সৌরভ গাঙ্গুলির বোর্ড।

জয়ন্ত যাদব কিংবা প্রসিধ কৃষ্ণকে খেলানো হতে পারে বলে ধারণা করা হচ্ছে।